

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ৩০, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০ জুন, ২০১২/১৬ আষাঢ়, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৩০ জুন, ২০১২(১৬ আষাঢ়, ১৪১৯) তারিখে
রাষ্ট্রপতির সমতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০১২ সনের ২৫ নং আইন

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর সংশোধনকালে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকালে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২
(২০১২ সনের ৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

- ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
(সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১০৭৬৭৫)
মূল্য : টাকা ৪.০০

২। ২০১২ সনের ৮নং আইনে বৃত্তন ধারা ২৩ ও ২৪ এর সংযোজন।—২০১২ সনের ৮নং আইনের ধারা ২২ এর পর নিম্নরূপ নৃতন ধারা ২৩ ও ২৪ সংযোজিত হইবে, যথা :—

“২৩। ঢাকা যানবাহন সমষ্টির বোর্ড এর বিলোপ, ইত্যাদি।—(১) এই আইনের অধীন কর্তৃপক্ষ গঠিত হইবার সংগে সহগে ঢাকা যানবাহন সমষ্টির বোর্ড, অতঃপর বিলুপ্ত বোর্ড বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে।

(২) বিলুপ্ত বোর্ড এর—

(ক) সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত, সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গঠিত অর্থ এবং অন্য সকল দাবি ও অধিকার কর্তৃপক্ষের নিকট স্থানান্তরিত হইবে এবং কর্তৃপক্ষ উহার অধিকারী হইবে;

(খ) সকল ঝণ, দায় এবং দায়িত্ব কর্তৃপক্ষের ঝণ, দায় ও দায়িত্ব হইবে;

(গ) সকল কর্মকর্তা ও কর্মচারী কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং বিলুপ্ত বোর্ডে কর্মরত থাকাকালে যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

২৪। রাহিতকরণ ও হেফাজত।—(১) ঢাকা যানবাহন সমষ্টির বোর্ড আইন, ২০০১ (২০০১ সনের ১৯ নং আইন), অতঃপর রাহিত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রাহিত করা হইল।

(২) উক্তরূপ রাহিতকরণ সত্ত্বেও রাহিত আইনের অধীন কৃত সকল কাজকর্ম বা গৃহীত ধ্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) রাহিত আইনের অধীন গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন ধাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত আইন রাহিত হয় নাই।”।

মোঃ মাহফুজুর রহমান
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
ডেজর্ণাও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd